

১১৯ নং

তাল—একতালা

তোমরা ধর্মচাল সতী

নারীর স্বামী বিনে নাহি গতি ॥

১। তোমরা কুকর্মে কোর'না গোপন রবে না ।

যাবে কুলমান জাতি, যাবে কুলমান জাতি,

যাবে কুলমান জাতি ॥

২। তোমরা পর পুরুষে চেও না হাস পরিহাস

কোর না ।

লোকে বলিবে অখ্যাতি, লোকে বলিবে অখ্যাতি,

লোকে বলিবে অখ্যাতি ॥

৩। ভবে স্বামী নিন্দুক যারা, যমের হাতে চুল ধরা ।

নিয়ে যমালয়ে দিবে শাস্তি, নিয়ে যমালয়ে দিবে শাস্তি,-

নিয়ে যমালয়ে দিবে শাস্তি ॥

৪। তোমরা অলসতা কোর না, গৃহকর্ম ছেড় না ।

হইবে লক্ষ্মীর বসতি, হইবে লক্ষ্মীর বসতি,

হইবে লক্ষ্মীর বসতি ॥

৫। অধম কৈলাসের এই বাসনা স্বামীর চরণ

পূজা ছেড় না ।

হইবে গোলকে বসতি, হইবে গোলকে বসতি,

হইবে গোলকে বসতি ॥

— কৈলাসচন্দ্র হালদার

